S@ifur's

প্রজ্ঞা BCS রিটেন ENGLISH

প্রজ্ঞাময় সমাধান

Recent Bazar

Saifur Rahman Khan

{ বাংলায় অর্থ বুঝিয়ে বুঝিয়ে **English** শেখানোর পদ্ধতির উদ্ভাবক, লেখক ও শিক্ষক }

Managing Director,
S@ifur's.
Ex-lecturer,
IBA,
University of Dhaka.

B.Sc. Engg. (EEE, BUET);
MBA,
International University of Japan.
Monbusho Scholar.
Top Scorer (740 > 99%) in **GMAT**

Edition : **2026**
Published By : S@ifur's Publication
Copyright : Saifur Rahman Khan

[এই বই অথবা বইয়ের কোন অংশ pdf করে বিক্রি করা বা free / সরবরাহ করা আইনত: দণ্ডনীয়]

Distributor

১৮/২, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: 01713 43 20 15; 01613 43 20 16

YouTube চ্যানেল :
www.youtube.com/saifursofficial

S@ifur's-এর বই পেতে :
01713 43 20 15; 01763 43 20 16;
(10 am to 5 pm)

English ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :
www.saifursbooks.com

Recent Bazar

Compose & Design:
Md. Al-Mamun Ferdous

Price: Tk. 550 (*Fixed*)

স্নেহের শিক্ষার্থী

আস্‌সালামু আলাইকুম্‌,

তুমি **BCS** রিটেন ইংলিশে যাতে

২০০-তে কমপক্ষে ১৮০-এর বেশি পাও,

এজন্য কিছু কথা বলছি -

আমি সাইফুর স্যার ইংলিশে অনার্স-মাস্টার্স করি নাই,

অথচ DU, JU সহ বিভিন্ন পাবলিক ও প্রাইভেট ভার্সিটির

ইংলিশের department-এ

young টিচারগণকে আমি কিন্তু ইংলিশ পড়াই !!

কিভাবে, কখন ?!

হ্যাঁ, **DU, JU, JnU, CU, RU, SUST, KU** সহ

বিভিন্ন public ও private ভার্সিটির ইংলিশ ডেপার্টমেন্টসহ

অন্যান্য ডেপার্টমেন্টের লেকচারার, assistant প্রফেসর প্রমুখ

যখন USA / কানাডা প্রভৃতি দেশে PhD বা masters-এর বিভিন্ন প্রোগ্রামে

ভর্তি + TA / RA / scholarship / ফান্ডিং প্রভৃতির চেষ্টা করেন →

Recent Bazar

তখন আমার কাছেই তারা privately বিভিন্ন guidance নেন

GRE, GMAT, IELTS, TOEFL-এ টপ স্কোর তোলার ব্যাপারে।

বিভিন্ন সরকারি কর্মকর্তাগণ আমার কাছে personally পড়েন

IELTS / GRE-তে ভালো করার জন্য।

শুরুতেই এই বাস্তবতাগুলো তুলে ধরলাম তোমাকে সচেতন করার জন্য যে

তোমার হাতের এই বইটার

ভার বুঝানোর জন্য।

তোমার ভার্সিটির স্যারগণই তো আমার কথা ফলো করেন!

তাহলে তুমি এই বইয়ের বিভিন্ন পৃষ্ঠায় দেয়া আমার নির্দেশনাগুলো

একনিষ্ঠভাবে অনুসরণ করলে

তুমি যে ইংলিশে কত এগিয়ে যেতে পারবে,

সেটা বুঝতেই পারছো ?!

Career নিয়ে তোমার কোনো প্রশ্ন থাকলে

আমাকে ম্যাসেজ পাঠাও

আমার WhatsApp 01819 20 29 89 নাম্বারে।

Recent Bazar

BCS (রিটেন) Exam-এর

English (Compulsory) সিলেবাস

Subject Code: 003; Total Marks: 200

Part-A: Marks-100

01. Reading Comprehension

An unseen passage dealing with a topic relevant to our times will be set. Candidates will be required to answer

(a) a number of thematic questions that will test their understanding of the passage **[30 marks]**

(b) a number of questions related to grammar and usage. **[30 marks]**

02. Candidates will be required to write a summary of the given passage in their own words within 100 words. **[20 marks]**

which relate =

03. Candidates will have to write a letter relating to the thematic issues of the given passage to the editor of an English Newspaper. **[20 marks]**

Recent Bazar

Part-B: Marks-100

01. Candidates will be required to compose an essay on a topic related to an issue of topical relevance. The essay must conform to the word limit set and must convey a candidate's ability to express his or her ideas clearly and correctly in English as well as reflect and analyze a topic of Contemporary interest. **[50 marks]**

02. Translation from English into Bangla and Bangla into English. Candidates will be required to translate a short passage from Bangla into English and another from English into Bangla **[25 + 25 = 50 marks]**

Table of Content

47 তম BCS

রিটেন **English** প্রশ্ন **2025** .... 689 - 692

Exam-অ্যাপ্রোচে ব্যাখ্যা .... 693 - 708

46 তম BCS

রিটেন **English** প্রশ্ন **2025** .... 665 - 668

বুঝে বুঝে সমাধান .... 669 - 688

45 তম BCS

রিটেন **English** প্রশ্ন **2024** .... 649 - 653

বুঝে বুঝে সমাধান .... 654 - 664

44 তম BCS

রিটেন **English** প্রশ্ন **2022** .... 633 - 636

বুঝে বুঝে সমাধান .... 637 - 648

43 তম BCS

রিটেন **English** প্রশ্ন **2022** .... 319 - 323

বিস্তারিত সমাধান .... 324 - 342

Recent Bazar

41 তম BCS
রিঠেন **English** প্রশ্ন **2019** .... 282 - 285
বিস্তারিত সমাধান .... 286 - 318

40 তম BCS
রিঠেন **English** প্রশ্ন **2019** .... 245 - 248
বিস্তারিত সমাধান .... 249 - 281

38 তম BCS
রিঠেন **English** প্রশ্ন **2018** .... 195 - 198
বিস্তারিত সমাধান .... 199 - 244

37 তম BCS
রিঠেন **English** প্রশ্ন **2017** .... 130 - 134
হাতে-কলমে ব্যাখ্যা ও সমাধান .... 135 - 194

36 তম BCS
রিঠেন **English** প্রশ্ন **2016** .... 069 - 073
ভেঙে ভেঙে ব্যাখ্যা .... 074 - 129

35 তম BCS
রিঠেন **English** প্রশ্ন **2015** .... 002 - 006
Exam-অ্যাপ্রোচে ব্যাখ্যা .... 007 - 068

Recent Bazar

BCS রিটেন ইংলিশের New সিলেবাস অনুযায়ী Topic-কেন্দ্রিক আলোচনা ও Practice

Sl. No.	Content	Page No.
01.	**Vocabulary ও বাক্য গঠন নিয়ে যত প্রশ্নের ব্যতিক্রমী সমাধান**	**343 - 386**
	Practice with solve: *Vocabulary and sentence-making*	**372 - 386**
02.	**Parts of speech চেনা**	**387 - 403**
	Practice ও বিস্তারিত সমাধান: *Changing parts of speech*	**391 - 400**
	Practice with answer: *Changing Parts of speech*	**401 - 403**
03.	**Transformation: Simple-Complex-Compound**	**404 - 419**
04.	**Run-on sentence**	**420 - 432**
	Practice with solve: *Correct run-ons*	**424 - 432**
05.	**Joining sentences**	**433 - 468**
	Practice with solve: *Joining sentences*	**450 - 464**
06.	**Suffix-Prefix**	**469 - 498**
07.	**Capitalization & Punctuation**	**499 - 515**
	Practice with solve: *Punctuation and capitalization*	**513 - 515**
08.	**Reading Skill**	**516 - 533**
09.	**Translation সমাধান**	**534 - 480**
	Translate the following passage / text into English	**534 - 555**
	Translate the following passage / text into Bangla	**556 - 580**
10.	**হাতে কলমে Essay রাইটিং**	**581 - 606**
11.	**Important Essays**	**607 - 622**
12.	**Splitting long sentences into simple**	**623 - 632**

Recent Bazar

পরীক্ষার হলে যেভাবে আগাতে হবে, ঠিক সেই ধারাবাহিকতায় নিচের

35 তম BCS রিটেন ইংলিশের

Exam অ্যাপ্রোচে ব্যাখ্যা

Step # 01

আমরা প্রথমে Passage না পড়ে সরাসরি প্রশ্নে চলে যাব,
কারণ প্রথমেই Passage পড়লে ঢাকা শহরের Traffic Jam-এর মতোই
মাথায় তথ্য জট পাকিয়ে যাবে, ব্রেন hang হয়ে যাবে।

প্রশ্ন # 01 পড়া যাক

Answer the question below. Do not copy any sentence from the passage above. Write the answers in your own sentences having your own wording and phrasing:

a) Why could Bangladesh not stick to its original plan of acquiring 102 degree East to ITU slot?

b) ....

এই ব্যাখ্যাগুলো গল্পের মতো একটানা পড়ে যাও !

Step # 02

দেখা যাচ্ছে, Q # **01**-এর সব প্রশ্ন হলো passage কেন্দ্রিক।
এইগুলো answer করতে হলে পুরো passage পড়তে হবে।
অতএব Q # **01** এখন আমরা answer করবো না।

passage না পড়ে যে প্রশ্নগুলো answer করা যায়, সেগুলো আমরা প্রথমে solve করবো।

এই নির্দেশনা মন দিয়ে পড়ো।

Step # 03

দুই নম্বর question পড়া যাক:

Write meanings of the following five words used in the passage. The meanings are provided in the box below. There are more than five words in the box. Choose the appropriate meanings:

a) impeccable b) fiscal c) launch d) slot e) disrupt

Recent Bazar

Question # **02** পড়ে দেখা যাচ্ছে, শব্দের অর্থ চেয়েছে। word-এর অর্থ জানলে এই ধরনের প্রশ্নের উত্তর বের করা দেড় সেকেন্ডের ব্যাপার। কেননা শব্দের অর্থ হয় তুমি জানো, না হয়, জানো না।

Step # 04

Question # 02-এর সমাধান

Q # **02**-এর (a)-তে দেয়া আছে ***impeccable*** (ইম্‌পেকেইব্‌ল্‌) শব্দটি।
এটার অর্থ নিখুঁত। শব্দটির অর্থ যদি জানা থাকে,
তাহলে সাথে সাথে box-এ গিয়ে এটার synonym (সমার্থক শব্দ) খুঁজতে হবে।

Step # 05

খুঁজে খুঁজে box-এর মধ্যে ***faultless*** (ফল্‌ট্‌লেস্‌ = ফল্‌ট্‌-হীন) পাওয়া গেল যেটার অর্থ 'ত্রুটিহীন বা নিখুঁত'।
সুতরাং (a)-এর উত্তর হবে ***faultless***।

Step # 06

Q # **02**-এর (b)-তে দেয়া আছে ***fiscal*** (ফিস্‌কাল্‌) শব্দটি।
এটার অর্থ আর্থিক বা অর্থ সংক্রান্ত।
এখন box-এ গিয়ে ***fiscal*** শব্দটির synonym খুঁজতে হবে।

Step # 07

box-এর মধ্যে খুঁজে পাওয়া গেল ***monetary*** (মনেট্যারি)
যার meaning আর্থিক বা অর্থ সম্পর্কিত ।
সুতরাং (b)-নং প্রশ্নের উত্তর হবে ***monetary***।

কোনো প্রশ্ন থাকলে আমাকে WhatsApp 01819 202 989-এ contact করো।

Step # 08

(c)-তে দেওয়া আছে ***launch*** (লনচ্‌)।
এটির অর্থ (কোনো কিছু) শুরু করা বা চালু করা।
চলুন এবার box-এ গিয়ে এর synonym খোঁজা যাক।

খুব ভালো করে খেয়াল করো *launch* শব্দের বাংলা অর্থ থেকে বুঝা যাচ্ছে *launch* শব্দটি হলো verb।

Step # 09

box-এ ***initiate*** (ইনিশি-য়েইট্‌) শব্দটি পাওয়া গেল
যার অর্থ (কোনো কিছু) আরম্ভ বা চালু করা। সুতরাং (**c**)-এর উত্তর: ***initiate***।

Recent Pazar

Step # 10

Q # **02**-এর (d)-তে দেয়া আছে ***slot*** (স্লট্) শব্দটি। ***slot*** শব্দের অর্থ ফোকর / ফাঁক।
এখন box-এ গিয়ে ***slot*** শব্দটির synonymous word খুঁজতে হবে।

Step # 11

পাওয়া গেল ***niche*** (নিশ্); যার অর্থ ‘নির্দিষ্ট ছোট স্থান / ফাঁক’।
সুতরাং (d)-এর উত্তর হবে ***niche***।

Step # 12

(e)-তে দেয়া আছে ***disrupt*** (ডিস্‌রাপ্‌ট্)। এর অর্থ ব্যাহত করা।
এখন box-এ গিয়ে ***disrupt***-এর synonym খুঁজতে হবে।

Question # **2**-এর
পাঁচটা উত্তর
খুঁজে বের করে
লিখতে
আমার লেগেছে
মাত্র ৩৬ সেকেন্ড।

Step # 13

খুঁজে box-এ ***interrupt*** (ইন্‌টেরাপ্‌ট্) শব্দটি পাওয়া গেল।
এটির অর্থও বিঘ্নিত বা ব্যাহত করা। সুতরাং Q # **02**-এর (e)-এর answer হবে ***interrupt***।

Step # 14

এবার question # 03 পড়া যাক : খালি ঘরে প্রদত্ত শব্দগুলোর parts of speech অনুযায়ী সঠিক word বসিয়ে table-টি পূর্ণ করতে বলা হলো।

Noun	Verb	Adjective
(a)	×	renowned
regulator	*(b)*	*(c)*
(d)	×	viable
rent	*(e)*	×

Step # 15

প্রথমে দেয়া আছে ***renowned*** (রিনাউন্‌ড্) শব্দটি। এটির noun কী হবে, তা বের করতে হবে।

একটি ব্যাপার এখনই মাথার মধ্যে ভালো করে গেঁথে নাও:

English word-এর বাংলা অর্থ না জানলে,
ঐ ইংলিশ শব্দটা কোন্ Parts of speech,
সেটা জানাটা একদম অসম্ভব হয়ে যায়।

RecentBazar

regulate এবং regulatory শব্দ দুটো যদি তুমি

আগের থেকেই না জানো, তবে পরীক্ষার হলে
এই শব্দগুলো তৈরি করা তোমার জন্য প্রায় অসম্ভব। কেননা, এগুলি তো
তুমি জানই না। এটা বলার কারণ হলো: তোমাকে সচেতন করা,
যাতে **vocabulary** শেখার দিকে তুমি অনেক বেশি গুরুত্ব দাও।
আর **vocabulary** শিখতে হয় বাক্যে ব্যবহারের মাধ্যমে।
যেমন, **পরের** page-এ **S@ifur's Competitive Vocabulary** নামক
একটি ব্যতিক্রমী বইয়ের একটা পৃষ্ঠা নমুনাস্বরূপ দেয়া হলো,
যাতে তুমি জানো প্রচলিত অন্যসব দেশী-বিদেশী vocabulary বই থেকে
S@ifur's Competitive Vocabulary
বইটি কত বেশি ভিন্ন, সহজ ও উপকারী।

Recent Bazar

Step # 16

renowned অর্থ বিখ্যাত। ‘বিখ্যাত’ শব্দটির Noun হলো ‘খ্যাতি’, যার ইংলিশ হলো ***renown***।
অতএব Q # **03**-এর (a)-এর answer হবে ***renown***।

Step # 17

(b) ও (c)-তে ***regulator*** (রেগিউ্লেইটর্) শব্দটির Verb এবং Adjective বের করতে হবে।

Step # 18

regulator অর্থ নিয়ন্ত্রক। তাহলে এটির Verb হলো
‘নিয়ন্ত্রণ করা’ যার ইংলিশ ***regulate*** (রেগিউ্লেইট্)
আর এটির Adjective হলো ***regulatory*** (রেগিউ্লেইটরি - নিয়ন্ত্রণকারী)।
সুতরাং (b) এবং (c)-এর উত্তর হবে যথাক্রমে ***regulate*** ও ***regulatory***।

মন দিয়ে পড়ো এই page

S@ifur's Competitive Vocabulary বই-এর page !

ABHOR (আব্‌হোর্)

[DU, C unit: 2011-12]

তাচ্ছিল্যভরে অত্যন্ত ঘৃণা করা।

To ***abhor*** something is to hate it intensely (ইন্‌টেন্‌স্‌লি - তীব্রভাবে). Hating a person is almost friendly in comparison with ***abhorring*** him. (***abhor*** শব্দটির তুলনায় *hate* শব্দটি অনেকখানি বন্ধুসুলভ।)

উদাহরণ

word শিখতে হয় এভাবে বাক্য দিয়ে।

(i) *Emanuel **abhorred** having hammers dropped on his head.*
অনুবাদ তার মাথার উপর হাতুড়ি পরাটা *Emanuel* অত্যন্ত ঘৃণা করতো।

(ii) *Although I am dispassionate* (আবেগশূন্য) *about sports, I **abhor** the game of golf as a complete waste of time as well as prime real estate.* (যদিও আমি খেলাধূলার ব্যাপারে ভাবাবেগমুক্ত, কিন্তু সময় এবং অত্যন্ত ভালো জমির পুরুদস্তুর অপচয়ের কারণ হিসেবে আমি গলফ খেলাটিকে অত্যন্ত ঘৃণা করি।)

prime → অত্যন্ত উৎকৃষ্ট; real estate → ভূ-সম্পত্তি

(iii) *Mr. Mohiuddin was a man who **abhored** violence and was deeply committed to reconciliation.* (জনাব মহিউদ্দিন এমন একজন মানুষ ছিলেন যিনি সন্ত্রাসকে খুব ঘৃণা করতেন এবং যিনি গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ ছিলেন মিলেমিশে চলার প্রতি।)

শব্দের ব্যাখ্যা

To ***abhor*** raw chicken livers is to have an ***abhorrence*** (অ্যাব্‌-হো-রেন্‌স্‌ - তীব্র ঘৃণা) of them or to find them ***abhorrent.*** {মুরগীর কাঁচা কলিজাকে abhor করা হলো সেগুলোর প্রতি abhorrence (অ্যাব্‌হোরেন্‌স্‌ - অত্যন্ত ঘৃণা) থাকা বা সেগুলোকে abhorent (অ্যাবহোরেন্‌ট্‌ - অত্যন্ত ঘৃণ্য) পাওয়া।}

Synonym

loathe (লৌদ্‌) - খুব বেশি অপছন্দ করা। detest (ডিটেস্‌ট্‌) - ঘৃণা করা।
despise (ডেস্‌পাইস্‌) - বরদাস্ত না করা। **[DU, 'C': 2011-12]**
hate (হেইট্‌) - ঘৃণা করা। **[গণপূর্ত অধিদপ্তর: 2017; 30 BCS]**
criticise (ক্রিটিসাইয্‌) - সমালোচনা করা। **[DU: 2000-01]**
execrate (য়েক্সিক্রেইট্‌) - ঘৃণা করা; অভিশাপ দেওয়া।
abominate (অ্যা-বো-মিনেইট্‌) - প্রচণ্ডভাবে ঘৃণা করা। **[MBM: 2006]**

Antonym

desire (ডিযাই্আর্‌) - চাওয়া / আকাঙ্ক্ষা করা। **[RU 'D' 2009]**
relish (রেলিশ্‌) - কোনো কিছু উপভোগ করা। **[বেরোবি 'B' 2016]**
cherish (চেরিশ্‌) - (কোনো আশা / আকাঙ্ক্ষা) হৃদয়ে পোষণ করা।
praise (প্রেইয্‌) - প্রশংসা করা। admire (অ্যাড্‌মাইআর্‌) - প্রশংসা করা। **[30 BCS]**

Recent Govt

Step # 19

(d)-তে ***Viable*** (ভাইয়্যাব্‌ল্)-এর Noun কী হবে,
তা বের করতে হবে।

Step # 20

Viable মানে 'টিকে থাকার যোগ্য', আর এটির noun হলো ***Viability*** (ভাইয়্যাবিলিটি - টিকে থাকার যোগ্যতা)।
সুতরাং (d)-এর উত্তর: ***Viability***।

Step # 21

(e)-তে ***rent*** (Noun)-এর Verb বের করতে হবে।

Step # 22

অর্থাৎ, ***rent*** অর্থ ভাড়া আর এটির Verb 'ভাড়া দেওয়া বা নেওয়ার' ইংলিশও হলো ***rent***। ∴ (e)-এর উত্তর: ***rent***।

Step # 23

Question # 05-এর ব্যাখ্যা

Question number **4** ও **5** পড়া যাক ।
পড়ে দেখা যাচ্ছে 8-নং প্রশ্নের চেয়ে ৫-নং প্রশ্ন একটু সহজ।

প্রশ্নে লেখা আছে:

Use appropriate capitalization, punctuation and quotation marks where required. অর্থাৎ প্রশ্নে দেয়া বাক্যগুলোতে সঠিক জায়গামতো Capital Letter, Punctuation চিহ্ন (অর্থাৎ দাড়ি, কমা, সেমিকোলন ইত্যাদি), উদ্ধৃতি চিহ্ন বা Quotation mark (" ... ") বসাতে হবে।

প্রথমবার **পড়ার সময়ই** এই page-গুলো এমনভাবে **বুঝে বুঝে শিখে পড়ো,** যাতে **দ্বিতীয়বার** আর পড়তে না হয়। **পুরো বইয়ের** প্রতি page **revision** দেয়া ভুল।

Recent Bazar

Step # 24

Question # 05-এর (a)-এর 1-নং বাক্যটি পড়া যাক

Yesterday, Bose said This afternoon ECNEC will table the development project proposal;

উপরের বাক্যটিতে প্রথমেই আছেঃ ... Bose said (= বোস বলেছিলেন)।
তাহলে, বোঝাই যাচ্ছে, বোস কী বলেছিলেন, সেই কথাগুলি আসবে *said*-এর পরেই।
তাই, *said*-এর পরে একটি ***comma*** বসাতে হবে আর *said*-এর পরে যেহেতু বক্তা (Bose)-এর উক্তিকে সরাসরি quote করা হয়েছে, সুতরাং উক্তিটিকে ***inverted comma*** (“ ”)-এর মধ্যে রাখতে হবে আর উক্তিটির শেষে সেমিকোলনের জায়গায় Full stop (**.**) হবে।

বুঝে নাও ব্যাপারটা !

‘*development project proposal*’ যেহেতু একটি নির্দিষ্ট প্রজেক্টের নাম, সুতরাং এটার প্রতিটি শব্দের প্রথম letter বা অক্ষরটি Capital অর্থাৎ বড় হাতের অক্ষরে লিখতে হবে।

তাহলে সঠিক ইংরেজি বাক্যটি হবেঃ

Yesterday, Bose said**,**
“This afternoon ECNEC will table the Development Project Proposal**.”**

Recent Bazar

Step # 25

Tips
একটু ধৈর্য্য ধরে পড়ে **ব্যাখ্যাগুলো** ভালো করে **বুঝে নাও !**

(**a**)-এর (**2**)-নং বাক্যটি ***however*** (= কিন্তু) দিয়ে শুরু হওয়ায় এর প্রথম অক্ষরটি Capital letter-এ হবে।
অর্থাৎ, small ‘***h***’-কে Capital ‘***H***’ করতে হবে।

তাহলে সঠিক বাক্যটি হবে নিম্নরূপঃ

However, he did not confirm it.
(কিন্তু তিনি এটা কন্‌ফার্‌ম্‌ করেন নাই।)

প্রশ্ন কিন্তু রিপিট্‌ হয় না। তাই, উত্তর মুখস্থ না করে বুঝে বুঝে পড়ো।

Step # 26

Question # 05-এর (b)-নং বাক্যটি পড়া যাক

{ This news was published, in the Dhaka tribune, on January 4. 2014. }

বাক্যটি পড়েই বোঝা যাচ্ছে যে,
published(পাব্লিশ্ড্ = প্রকাশিত হয়েছিলো)-এর পরের comma-টি হবে না।
কারণ, বাংলা ভাষাতেও আমরা কখনও এভাবে লিখি না:

"খবরটি প্রকাশিত হয়েছিলো , প্রথম আলোতে"।

তাই, ... published , in the Dhaka tribune .....-এ
published-এর পরে কমাটি (,) হবে না।
একইভাবে, Dhaka tribune-এর পরেও কোনো comma হবে না।
January **4** যেহেতু একটি তারিখ এবং এর পরে সাল (2014) দেয়া আছে,
সুতরাং January **4**-এর পরে একটি comma (**,**) হবে।

Tips
কোনো **confusion** থাকলে
SMS করতে পারো
আমাকে: **01713 43 20 02**

Tips
তুমি **BCS** ক্যাডার হয়ে গেলেও
English-এর জ্ঞান
সারাজীবনই কাজে লাগবে !

Recent Bazar

Step # 27

'Dhaka tribune' যেহেতু একটি পত্রিকার নাম,
সুতরাং tribune-এর ***'t'*** বড় হাতের অক্ষরে লিখতে হবে,
অর্থাৎ 'Dhaka **T**ribune' লিখতে হবে।

তাহলে পুরো সঠিক বাক্যটি হবে:

This news was published
in the Dhaka Tribune on January 4, 2014.

কারণ, প্রশাসনে ইংলিশে দক্ষ অফিসার দরকার !

Step # 28

প্রশ্ন 04-এর ব্যাখ্যা

Correct the following run-on by using appropriate subordinates (such as, although, because, after, as, while, etc.)

কতগুলো বাক্য দেয়া আছে যেগুলোতে **run-on** সংক্রান্ত ভুল রয়েছে। বাক্যগুলোকে ***although, because, after, as, since, while*** প্রভৃতি দিয়ে করতে হবে। প্রথমে জানা যাক

run-on আসলে কী ধরনের ভুল

নিচের উদাহরণটি মন দিয়ে পড়োঃ

It is raining, I need an umbrella. (বৃষ্টি পড়ছে, আমার একটি ছাতা দরকার।)

এখানে 'বৃষ্টি পড়ছে' এবং 'আমার একটি ছাতা দরকার' দুটোই পূর্ণাঙ্গ বাক্য। এ ধরনের দুটো আলাদা বাক্যকে পাশাপাশি comma দিয়ে লেখা যায় না। comma-র মাধ্যমে এই ধরনের দুটো আলাদা বাক্যকে একটি বাক্য করলে, এই ভুল বাক্যকে বলা হয় run-on sentence বা comma splice। তার মানে,

যখন দুটো পূর্ণাঙ্গ বাক্যকে comma দিয়ে যোগ করে একটি বাক্যে প্রকাশ করা হয়, তখন ঐ নতুন ভুল বাক্যটিকে বলা হয় run-on sentence।

উপরের run-on sentence-এর ভুলকে নিচের চার উপায়ে ঠিক করা যায়ঃ

(i) দুটো বাক্যের মাঝে semicolon **(;)** ব্যবহার করে।
যেমনঃ It is raining **;** I need a raincoat.

(ii) দুটো বাক্যকে Fullstop দিয়ে আলাদা করে।
যেমনঃ It is raining **.** I need a raincoat.

(iii) দুটো বাক্যের মাঝখানে comma এবং তার পর and, but ইত্যাদি ব্যবহার করে।
যেমনঃ It is raining**, and** I need a raincoat.

(iv) Subordinates (as, since, because etc.) যোগ করে।
যেমনঃ **As / Since** (যেহেতু) it is raining, I need a raincoat.

তাড়াহুড়ো করে **অন্ধের মতো মুখস্থ না করে শান্তি মতো** বুঝে বুঝে **পড়ো।**

Recent Bazar

আরো কিছু উদাহরণ

> কমা দিয়ে দুটো বাক্য যোগ করাতে এই ধরনের ভুলকে **Comma-splice**-ও বলা হয়।

A. Run-on: Rahim is punctual**,** he goes to school on time.
Correct: Rahim is punctual**;** he goes to school on time.
Correct: Rahim is punctual**, and** he goes to school on time.
(রহিম হলো সময়নিষ্ঠ, এবং সে সময়মত স্কুলে যায়।)

B. Run-on: Rahim likes chocolate, he hates vegetables.
Correct: Rahim likes chocolate**, but** he hates vegetables.
Correct: Rahim likes chocolate**.** He hates vegetables.
Correct: **Although** Rahim likes chocolate, he hates vegetables.
(যদিও রহিম চকোলেট পছন্দ করে, সে শাক-সবজি ঘৃণা করে।)

Step # 29

এবার Question # 04-এর (a)-নং বাক্যটি পড়া যাক

Sri Lanka is in the middle of a process for launching a satellite of its own, Bangladesh must not waste time.

বাক্যটির প্রথম অংশে বলা হলো:

Sri Lanka তাদের একটি নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণের প্রক্রিয়ার মধ্যে রয়েছে।

আর দ্বিতীয় অংশে বলা হলো:

বাংলাদেশ অবশ্যই সময় নষ্ট করবে না।
দেখা যাচ্ছে, দুটো অংশই একটি করে পূর্ণাঙ্গ বাক্য,
যেগুলোর মাঝখানে comma থাকাতে প্রশ্নের বাক্যটি run-on দোষে দুষ্ট।

Step # 30

এই run-on সংক্রান্ত ভুল দূর করার জন্য আমরা প্রশ্নের নির্দেশনা অনুযায়ী উপযুক্ত subordinates (যেমন: as, since, although etc.) ব্যবহার করে বাক্যটিকে নিচের মত করে শুদ্ধ করে লিখতে পারি।

সঠিক ইংরেজি বাক্য + অর্থ

As Sri Lanka is in the middle of a process for launching a satellite of its own, Bangladesh must not waste time. {যেহেতু Sri Lanka তাদের একটি নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণের প্রক্রিয়ার মধ্যে রয়েছে, কাজেই বাংলাদেশকে অবশ্যই সময় নষ্ট করলে চলবে না।}

Recent Bazar

(b)-নং বাক্যটি এবার পড়া যাক

Step # 31

Bangladesh was given slot, more than twenty countries opposed.

প্রথম অংশের বক্তব্য : বাংলাদেশকে স্লট (slot) দেয়া হয়েছিলো।
দ্বিতীয় অংশের বক্তব্য : বিশটিরও বেশি দেশ বিরোধিতা করেছিলো।

দুটোই পূর্ণাঙ্গ বাক্য, কিন্তু মাঝখানে comma থাকায় এখানে run-on ভুল রয়েছে।

বাক্য দুটির অর্থ বুঝলে সহজেই বোঝা যায় ***although*** লাগবে। **সঠিক বাক্যটি হবে:**

(i) Bangladesh was given slot, ***although*** more than twenty countries opposed.
(বাংলাদেশকে দেয়া হয়েছিলো স্লট (slot), যদিও বিশটির বেশি দেশ বিরোধিতা করেছিলো।)

***although* প্রথমে বসিয়ে**

(ii) ***Although*** more than twenty countries opposed, Bangladesh was given slot.
(যদিও বিশটিরও বেশি দেশ বিরোধিতা করেছিলো, বাংলাদেশকে স্লট (slot) দেয়া হয়েছিলো।)

Step # 32

(c)-নং বাক্যটি পড়া যাক

ডেক্লাইন্ = প্রত্যাখ্যান করা

The American Bank declined the suppliers-credit,
{= American Bank প্রত্যাখ্যান করেছিলো suppliers-credit,}
the financial plan must be revised.
{= আর্থিক পরিকল্পনাটি পরিবর্তন করতে হবে।}

Step # 33

তাহলে দেখা যাচ্ছে, বাক্যটির দুটো অংশই এক একটি পূর্ণাঙ্গ বাক্য।

বাক্য দুটোর মাঝে comma (,) থাকার কারণে

বাক্যটিতে run-on সংক্রান্ত ভুল রয়ে গেল।

Recent Bazar

“ এই **complex sentence**-টা দেখে দেখে তিনবার লিখো ”

Step # 34

বাক্যটির শুরুতে ***since*** (সিন্‌স্ = যেহেতু) বসিয়ে এই run-on সংক্রান্ত ভুলটিকে দূর করা যায়।

সেক্ষেত্রে সঠিক বাক্যটি হবে:

Since the American Bank declined the suppliers-credit,
the financial plan must be revised.

{ যেহেতু American Bank প্রত্যাখ্যান করেছিলো suppliers-credit,
যেহেতু আর্থিক পরিকল্পনাটি পরিবর্তন করতে হবে। }

Step # 35

Question # 04-এর (d)-নং বাক্যটি পড়া যাক

BTRC forwarded the proposal, {BTRC প্রস্তাবটি এগিয়ে নিয়ে গিয়েছিলো,}
ECNEC approved the budget. {ECNEC বাজেটে অনুমোদন দিয়েছিলো।}

Step # 36

উপরের দুটো বক্তব্যই এক একটি পূর্ণাঙ্গ বাক্য। কিন্তু এদের মাঝখানে কমা (**,**) থাকায় বাক্যটি run-on দোষে দুষ্ট। বাক্যটিকে সঠিক করতে হলে দুটি অংশের মাঝখানে হয় semicolon (;) কিংবা fullstop (**.**) দিয়ে তাদেরকে আলাদাভাবে প্রকাশ করতে হবে।

Step # 37

প্রশ্নে while / although / after ইত্যাদি দিয়ে run-on সংক্রান্ত ভুল দূর করতে বলা হয়েছে,

বাক্যের অর্থ বুঝে শুদ্ধ করে সঠিক বাক্য পাওয়া গেলো নিচে:

After BTRC forwarded the proposal, ECNEC approved the budget.
{ BTRC প্রস্তাবটি forward করার পরে ECNEC বাজেটটি অনুমোদন দিলো।}

Recent Bazar

Step # 38

Question # 04-এর (e)-নং বাক্যটি পড়া যাক

Bangladesh will become the 51st country to have a satellite,
{স্যাটেলাইট অর্জনকারী দেশ হিসেবে বাংলাদেশ হবে ৫১তম রাষ্ট্র।}
the project is successful.
{ প্রজেক্টটি হয় সফল।}

"বাক্যের বাংলা অর্থ বুঝলেই ***run-on***-এর ভুলটা correct করা **অনেক সহজ হয়ে যায়।"**

Step # 39

উপরের দুটো বাক্যই পূর্ণাঙ্গ বাক্য।
কিন্তু এদের মাঝখানে comma (,) থাকার কারণে প্রশ্নে বাক্যটিতে **run-on** এর ভুল রয়েছে।
কীভাবে এই ভুল দূর করা যায়, একটু চিন্তা করো !

Step # 40

প্রশ্নের বাক্যটির দ্বিতীয় অংশের শুরুতে ***if*** বসালেই বাক্যটি সঠিক ও অর্থপূর্ণ হবে এবং run-on সংক্রান্ত ভুল থেকে মুক্ত হবে। তাহলে সঠিক বাক্যটি হবে নিম্নরূপ:

Bangladesh will become the 51st country to have a satellite,
{স্যাটেলাইট অর্জনকারী দেশ হিসেবে বাংলাদেশ হবে ৫১তম রাষ্ট্র,}
if the project is successful.
{যদি প্রজেক্টটি সফল হয়।}

" পড়ার পাশাপাশি English বাক্যগুলো **দেখে দেখে লেখাও জরুরী।** "

আবার বাক্যের শুরুতে *if* বসিয়ে পাওয়া যায়

If the project is successful,
Bangladesh will become the 51st country to have a satellite.

Recent Bazar

Step # 41

এবার Question # 01 solve করা যাক

প্রশ্নে লেখা আছে:

Answer the questions below (= নিচের প্রশ্নগুলোর উত্তর করো।) **Do not copy any sentence from the passage above.** (= Passage থেকে কোনো বাক্য হুবহু কপি করবে না।) **Write the answers in your own sentences having your own wording and phrasing.** (= নিজস্ব শব্দ এবং phrase ব্যবহার করে উত্তরগুলো তোমার নিজের বাক্য দিয়ে লিখো।)

Step # 42

এখন (a)-নং প্রশ্নটি পড়া যাক:

Why could Bangladesh not stick to its original plan of acquiring a slot on 102 degree East? (কেন বাংলাদেশ ১০২ ডিগ্রী পূর্বের স্লটটি পাবার জন্য তাদের মূল পরিকল্পনার সাথে লেগে থাকতে পারেনি?)

Step # 43

এ ধরনের প্রশ্ন solve করার সহজ উপায় হলো,
প্রশ্নের **102** সংখ্যাটি
Passage-টির কোথায় আছে, তা খুঁজে বের করা।
Passage-এর শুরু থেকে চোখ বুলিয়ে
৩-নং paragraph-এর প্রথম লাইনে সংখ্যাটি পাওয়া গেলো।
তাহলে বোঝা গেলো প্রশ্নের বিষয়টি নিয়ে ৩-নং paragraph-এ আলোচনা হয়েছে।

এভাবে নির্দিষ্ট কোনো শব্দ বা সংখ্যাকে খোঁজাকে বলা হয় *scan* করা।

Step # 44

৩-নং paragraph-এর প্রথমে বাক্যটি মন দিয়ে পড়লাম:

Initially, the BTRC applied for a slot on 102 degree East
to the International Telecommunication Union (ITU).
অর্থাৎ শুরুর দিকে BTRC ১০২ ডিগ্রী পূর্বের স্লটটির জন্য
আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়নের (ITU) কাছে আবেদন করেছিলো।

Recent Bazar